ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



ROSEDIN ● Vol. - 1 ● Issue - 58 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ২১৪ ● কলকাতা ● ২১ শ্রাবণ, ১৪৩২ ● বৃহস্পতিবার ● ০৭ আগস্ট ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা


পর্ব 22

## হিমালয়ের সমর্পণ যোগ



এখন এই জল আগে কোন্ কোন্ রাস্তা দিয়ে যাবে? আর এর অন্তিম লক্ষ্য কি? তাহলে জানবে, তারই নয়, জলের প্রতিটি বিন্দুর অন্তিম লক্ষ্য হল সাগরই। প্রত্যেক বিন্দুকে শেষ পর্যন্ত সাগরে গিয়েই মিলতে হবে। এবার ঐ জলকে আস্তে আস্তে তুমি পান করেছ, এরকম ভাব আর ঐ জলের স্বাদ জানবার চেষ্টা কর। আর তুমি দেখবে যে জল পান না করেই জলের স্বাদ তুমি জানতে পারছ। এবার তুমি চিন্তা কর যে তুমি জলে ঝাঁপ দিয়েছ আর ঐ জলের ভিতর ঝাঁপ দিয়ে তুমি চান করছ। এবার জলের স্পর্শ এবং জলের সান্নিধ্যও অনুভব হতে থাকবে। এবার অনুভব কর, তোমার এখন কেমন লাগছে। **ক্রমশঃ**

# বিজেপি কর্মীদের ইটের ঘায়ে আহত একাধিক তৃণমূলকর্মী!



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

শুভেন্দুর 'নারী সুরক্ষা' মিছিল ঘিরে চরম বিশৃঙ্খলা বারাসতে। মিছিল থেকে ধেয়ে আসল ইট-পাটকেল। ভাঙচুর চালানো হল তৃণমূলের শ্রমিক সংগঠনের অফিসে! আক্রান্ত হলেন তৃণমূল কর্মী থেকে সাধারণ মানুষ। বারাসত সাংগঠনিক জেলা আইএনটিটিইউসি সভাপতি তাপস দাশগুপ্ত জানিয়েছেন, 'দলীয় কর্মী সমর্থক-সহ সাধারণ মানুষ মিলিয়ে চার-পাঁচ জন আহত হয়েছেন।অভিযোগ, তখনই বিজেপির মিছিল থেকে পালটা স্লোগান দিয়ে ছোড়া হতে থাকে ইট-পাটকেল। এরপরই বিজেপির মিছিলের একাংশের অভিমুখ ঘুরে যায় আইএনটিটিইউসি পার্টি অফিসের দিকে। এরপরই বিজেপি কর্মীরা ঝান্ডার ডান্ডা দিতে হামলা চালানো হয় আইএনটিটিইউসি অফিসে। আক্রান্ত হন তৃণমূল কর্মী-সহ কয়েক জন। পরিস্থিতি সামাল দিতে ঘটনাস্থলে যায় অতিরিক্ত পুলিশ। পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। জমায়েত হটিয়ে আহতদের চিকিৎসার জন্য হাসপাতালে নিয়ে যাওয়া হয়।আমরা থানায় অভিযোগ

এরপর ৩ পাতায়







# জেলার সভাপতির নাম ঘোষণা বিজেপির, পুরনোদেরই প্রাধান্য দিলেন শমীক




স্টাফ রিপোর্টার, রোজদিন

বঙ্গ বিজেপির সভাপতি শমীক ভট্টাচার্যর নেতৃত্বে গঠিত হতে চলা নতুন রাজ্য কমিটিতে প্রাধান্য থাকতে চলেছে পুরনোদেরই। যার প্রথম ইঙ্গিত মিলল শমীকের ঘোষণা করা জেলা সভাপতিদের নামেই। চার জেলার সভাপতির নাম ঘোষণা করলেন বঙ্গ বিজেপির নয়া সেনাপতি। যার মধ্যে ৩ জন পুরনো মুখ।প্রসঙ্গত, ১৫ আগস্টের মধ্যে জেলা কমিটিগুলি তৈরি করে ফেলার নির্দেশ দেওয়া হয়েছে। সূত্রের খবর, কয়েকটি জেলার কাজে অখুশি কেন্দ্রীয় নেতৃত্ব। আটটি জেলার সভাপতি ফের বদল করা হতে পারে। কলকাতা ও শহরতলি, উত্তর ২৪ পরগনা জেলার কয়েকটি সাংগঠনিক জেলা কমিটি রয়েছে। এর মধ্যে চারটি জেলার সভাপতি বদলে ফেলা হল।বুধবার শমীক চার জেলার সভাপতির নাম ঘোষণা করেছেন। দার্জিলিংয়ের সভাপতি হচ্ছেন সঞ্জীব তামাং। আগে তিনি বিজেপির মুখপাত্র ছিলেন। বিজেপিতে আসেন ২০১৮ সালে। তার আগে অবশ্য তিনি বিমল গুরুংয়ের অনুগামী ছিলেন। ফলে বিজেপির ভাবধারার সঙ্গে সম্পৃক্ত। পুরোনো মুখ বলা যেতে পারে। বারাকপুরের জেলা সভাপতি তাপস ঘোষ এবং বনগাঁর জেলা সভাপতি বিকাশ ঘোষ দুজনেই পুরনো মুখ। ঘাটালের জেলা সভাপতি পদে বদল করা হয়নি। ওই পদে থাকছেন তন্ময় ঘোষ।

আসলে শমীক সভাপতি হয়ে আসার পর বিজেপিতে পুরনোদের গুরুত্ব বাড়তে চলেছে। আরএসএসের দেওয়া ফরমুলাতেই নতুন রাজ্য কমিটি হতে চলেছে বঙ্গ বিজেপির। যেখানে ৬০ শতাংশের বেশি পুরনো নেতৃত্ব ও সংঘ ঘনিষ্ঠরা জায়গা পাবেন। ৪০ শতাংশের মতো রাখা হবে দলের নতুনদের মধ্যে থেকে। চলতি মাসের শেষে কিংবা সেপ্টেম্বরের শুরুতেই বঙ্গ বিজেপির ‘টিম শমীক’ তৈরি হয়ে যাবে। এক শমীক ঘনিষ্ঠের কথায়, ভাদ্রে নয় শ্রাবণেই হয়ে যাবে কমিটি। ছাব্বিশের নির্বাচনের কথা মাথায় রেখে দলের পুরনোদের পাশাপাশি কমিটিতে অভিজ্ঞদেরও গুরুত্ব দেওয়া হচ্ছে। রাজ্যের দায়িত্বপ্রাপ্ত বিজেপির কেন্দ্রীয় নেতৃত্ব সার্কুলার দিয়েছিল প্রতি কমিটিতে অর্ধেক পুরনোদের রাখতে হবে। কিন্তু আরএসএসের দেওয়া ফরমুলায় দলের পুরনোদের জন্য নয়া কমিটিতে ৭০ শতাংশ পর্যন্ত জায়গা থাকবে। রাজ্য পদাধিকারী থেকে জেলা পদাধিকারী গঠনে এই একই ফরমুলা থাকবে। সেই ফর্মুলা মেনেই জেলা সভাপতি পদে পুরনোদের প্রাধান্য দেবেন শমীক।

# কোচবিহারে হামলার পর শুভেন্দুর কনভয়ের নিরাপত্তার দায়িত্বে বিএসএফ

স্টাফ রিপোর্টার, রোজদিন



কোচবিহারের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর কনভয়ে হামলার পর কোনোরকম ঝুঁকি নিতে চাইছেন না বিজেপি নেতৃত্ব। শুভেন্দু অধিকারীর সিকিউরিটি হিসাবে সিআইএসএফকে আগেই নিয়োগ করা হয়েছিল। মঙ্গলবার কোচবিহার থেকে শুভেন্দু অধিকারী দমদম বিমানবন্দরে ফিরে আসার পর দেখা যায় তার কনভয় এর নিরাপত্তার দায়িত্বে বহাল করা হয়েছে বিএসএফকে।শুভেন্দুর কনভয় ঢুকতেই লাঠি দিয়ে আঘাতের পাশাপাশি পাথর ছোড়া হয় বলে অভিযোগ। শুভেন্দু যে গাড়িতে ছিলেন সেই গাড়ির পেছনের কাচ ভেঙে যায়। পাশাপাশি পুলিশের গাড়িও ভাঙা হয়েছে বলে অভিযোগ। এরপর সেই কনভয় পৌঁছায় বিজেপির জেলা কার্যালয়ে। মঙ্গলবার সন্ধ্যায় কলকাতায় ফিরে আসেন শুভেন্দু অধিকারী। তিনি স্পষ্ট অভিযোগ করেন তাকে মেরে ফেলতেই পরিকল্পিতভাবে আক্রমণ চালানো হয়েছিল।প্রচুর বিএসএফ জবান শুভেন্দু অধিকারীর গাড়িটি ঘিরে রেখেছে। অর্থাৎ নিরাপত্তার চাদরে মুড়ে ফেলা হয়েছে শুভেন্দু অধিকারী কনভয়। নিরাপত্তা রক্ষীদের একাধিক

এরপর ৪ পাতায়






(১ম পাতার পর)

# বিজেপি কর্মীদের ইটের ঘায়ে আহত একাধিক তৃণমূলকর্মী!

জানাচ্ছি। দলীয় স্তরে আলোচনা করে প্রতিবাদ কর্মসূচি করা হবে।" বুধবার বারাসতে কন্যা সুরক্ষা যাত্রা করেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। ১২ নম্বর জাতীয় সড়ক সংলগ্ন ন'পাড়া কালীবাড়ি এলাকা থেকে মিছিল শুরু হয়। কলোনিমোড় হয়ে ফ্লাইওভার ধরে চাঁপাডালি মোড় পেরোতেই উত্তেজনা ছড়ায়। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, টাকি রোড ধরে মিছিল শতদল মাঠের দিকে যাওয়ার সময় চাঁপাডালি মোড়ের তৃণমূলের শ্রমিক সংগঠনের অফিস পেরোতেই তৃণমূলের শ্রমিক সংগঠন ও ছাত্র সংঠনের পতাকা হাতে কয়েকজন 'জয় বাংলা' স্লোগান দেন। তাতে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। সামনা-সামনি দাঁড়িয়ে যায় দুই দলের কর্মী সমর্থকরা

# দল দায়িত্ব দিলে উদয়ন গুহকে ঘরে ঢুকিয়ে দেব, বিস্ফোরক অর্জুন

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



ব্যারাকপুর: দল আমাকে দায়িত্ব দিক,উদয়ন গুহকে ঘরে ঢুকিয়ে দেবার দায়িত্ব আমার। অসম বর্ডারে থেকে শুভেন্দু অধিকারীকে খুনের চেষ্টা।কিভাবে উদয়নকে ঘরে ঢুকিয়ে দেব তা আমি জানি ।বিস্ফোরক অর্জুন সিং । কোচবিহারে শুভেন্দু অধিকারীর উপর মঙ্গলবার হামলার ঘটনায় বুধবার এইভাবেই সুর চড়ালেন অর্জুন সিং।মমতা বন্দ্যোপাধ্যায় এর নির্দেশ ছিল শুভেন্দু অধিকারীকে খুন করার।আর তার দায়িত্ব দিয়েছিলো উদয়ন গুহকে।শুভেন্দু অধিকারি সনতান ধর্মের এই রাজ্যের মাথা আছে।আর ওনাকে খুন করতে পারলে বিজেপি দুর্বল হয়ে যাবে। তাই এই খুনের চক্রান্ত মমতা বন্দ্যোপাধ্যায় এর বলে দাবি করেন ব্যারাকপুরের প্রাক্তন সাংসদ অর্জুন সিং। যদিও কোচবিহারে ওই হামলার ঘটনায় পুলিশ ইতিমধ্যে একজনকে গ্রেফতার করেছে। শুভেন্দু অধিকারী মেল মারফত কোচবিহারের পুলিশ সুপারের কাছে তার অভিযোগ পাঠিয়েছেন। ওই হামলার ঘটনায় রাজ্যের বিভিন্ন প্রান্তে বিজেপি কর্মী সমর্থকরা রাস্তা অবরোধ করে একটা জ্বালিয়ে বিক্ষোভ দেখিয়েছেন। ওই হামলার ঘটনার পর মঙ্গলবার রাতে কলকাতা বিমানবন্দরে শুভেন্দুর কনভয়ের নিরাপত্তার দায়িত্বে বলবৎ হয় বিএসএফ জওয়ানরা।বুধবার সকালে সাংবাদিকদের মুখোমুখি হয়ে অর্জুন সিং বলেন,দল আমাকে দায়িত্ব দিক উদয়ন গুহকে ঘরে ঢুকিয়ে দেব।

অসম বর্ডারে থেকে শুভেন্দু অধিকারীকে খুনের চেষ্টা ,ভালো করে বুঝিয়ে দেবো। ক্ষুব্ধ অর্জুন সিং শুভেন্দু অধিকারীর নিরাপত্তা নিয়েও।তার প্রশ্ন কেন সেন্ট্রাল ফোর্স একটা ডান্ডা চালায় নি। ওনার বাবা-মায়ের আশির্বাদের জন্য উনি বেঁচে গেছেন।সিকিউরিটি জন্য উনি বেঁচে যান নি।একটা গুলি ও চালায় নি শুভেন্দু অধিকারী সিকিউরিটি। কেন প্রশ্ন তোলেন অর্জুন সিং। আমি কিভাবে উদয়ন গুহকে ঘরে ঢুকাবো তা আমিই জানি। এটা বলার প্রয়োজন নেই। নিশিথ প্রামানিককে ধন্যবাদ যে ও বুলেট প্রুফ গাড়ি দিয়েছিলো।

# প্রধানমন্ত্রী জাতির উদ্দেশে কর্তব্য ভবন উৎসর্গ করেছেন

**নতুন দিল্লি, ০৬ অগাস্ট, ২০২৫**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী জাতির উদ্দেশে কর্তব্য ভবনটি উৎসর্গ করেছেন। এই ভবনকে জনসেবার প্রতি অবিচল সংকল্প এবং নিরন্তর প্রয়াসের প্রতীক বলে তিনি বর্ণনা করেন।

প্রধানমন্ত্রী বলেন, কর্তব্য ভবন বিভিন্ন নীতি ও প্রকল্পের দ্রুত বাস্তবায়নের জন্য সহায়ক হবে, পাশাপাশি দেশের উন্নতিতে নতুন গতি আসবে।

তিনি বলেন, উন্নত ও আত্মনির্ভর ভারত গড়ে তোলার যে অঙ্গীকার আমরা করেছে, কর্তব্য ভবন তার প্রতিফলন। আমাদের শ্রমযোগীদের কঠোর পরিশ্রম ও একনিষ্ঠ মানসিকতা আজ দেশ প্রত্যক্ষ করলো। তাঁদের সঙ্গে মতবিনিময় করার সুযোগ তাঁর হয়েছে, এর জন্য তিনি আনন্দিত।

প্রধানমন্ত্রী বলেন, পরিবেশকে রক্ষা করার বিষয়টি বিবেচনা করে কর্তব্য ভবন নির্মিত হয়েছে।

এই উপলক্ষ্যে তিনি ভবন চত্বরে একটি চারা গাছ রোপণ করেন।

সামাজিক মাধ্যম এক্স-এ একগুচ্ছ বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন;

এরপর ৬ পাতায়

# জালিয়াতির ঝুঁকি নির্দেশক – ফ্রড রিস্ক ইন্ডিকেটর

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

টেলিযোগাযোগ দপ্তরের তৈরি জালিয়াতির ঝুঁকি নির্দেশক বা ফ্রড রিস্ক ইন্ডিকেটর (এফআরআই) হ'ল এমন একটি ব্যবস্থাপনা, যা একটি মোবাইল নম্বরকে মাঝারি, বেশি কিংবা খুব বেশি ঝুঁকির বর্গে বিভক্ত করে চিহ্নিত করতে পারে। এই ব্যবস্থাপনা ব্যাঙ্ক, বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান এবং ইউপিআই পরিষেবা প্রদানকারীদের কাছে বিশেষ সহায়ক। কোনও মোবাইল নম্বরের থেকে যোগাযোগের ক্ষেত্রে গ্রাহকের কতটা ঝুঁকি আছে, তা বিশ্লেষণ করে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারে তারা। এফআরআই প্রয়োগ করা যায় ডিজিটাল ইন্টেলিজেন্স প্ল্যাটফর্মের মাধ্যমে।

ব্যাঙ্ক এবং সমধর্মী প্রতিষ্ঠানগুলিকে এফআরআই ব্যবস্থাপনার সুযোগ গ্রহণ করতে বলেছে রিজার্ভ ব্যাঙ্ক। এর মাধ্যমে সতর্কতা কিংবা আর্থিক লেনদেন বন্ধ রাখার বার্তা পাঠানো সম্ভব গ্রাহকের কাছে। রিপোর্ট অনুযায়ী, এই প্রণালীর সুবাদে ৩৪টি ব্যাঙ্ক, আর্থিক প্রতিষ্ঠান এবং ইউপিআই পরিষেবা প্রদানকারী ব্যবস্থা ১০.০২ লক্ষ ব্যাঙ্ক খাতা/পেমেন্ট ওয়ালেট নিষ্ক্রিয় করেছে। ৩.০৫ লক্ষ ব্যাঙ্ক খাতা/পেমেন্ট ওয়ালেটের উপর নিষেধাজ্ঞা জারি হয়েছে।

টেলিযোগাযোগ দপ্তরের ডিজিটাল ইন্টেলিজেন্স ইউনিট শাখা সাইবার অপরাধ ও আর্থিক জালিয়াতি রোধ করায় ধারাবাহিকভাবে উদ্যোগী। সংশ্লিষ্ট প্রকল্প বাবদ ৫ বছরের জন্য ২২৮.১৬ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

লোকসভায় আজ এক প্রশ্নের লিখিত উত্তরে একথা জানিয়েছেন কেন্দ্রীয় যোগাযোগ ও গ্রামোন্নয়ন প্রতিমন্ত্রী ডঃ পেম্মাসানি চন্দ্রশেখর।

## সম্পাদকীয়

### নির্বাচন কমিশনকে বেলাগাম আক্রমণ মমতার

পশ্চিমবঙ্গে ভোটার তালিকায় যে দুধ এবং জল এক হয়ে রয়েছে এবং তা আলাদা করার জন্যই যে নির্বাচন কমিশন বিহারের মত বাংলাতেও বাড়তি নজর দিয়েছে, তা হয়ত বুঝতে পেরেছে তৃণমূল কংগ্রেস। সেই কারণেই রোহিঙ্গা এবং বাংলাদেশী অনুপ্রবেশকারীদের নির্বাচন কমিশন ঠিকমত পদক্ষেপ গ্রহণ করলে নাম বাদ যাবে এবং তার ফলে তৃণমূল ক্ষমতা থেকে খুব সহজেই বিদায় নিতে পারে।তবে শুধু রাজনৈতিক বিশেষজ্ঞরাই নয়, বিরোধীদের পক্ষ থেকেও মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে কড়া পদক্ষেপ নেওয়ার দাবি উঠতে শুরু করেছে। বিজেপির ঘনিষ্ঠ মহলের দাবি, বারবার মমতা বন্দ্যোপাধ্যায় সাংবিধানিক সংস্থাগুলোকে চ্যালেঞ্জ জানান। আদালতকে মানেন না। আর এবার নির্বাচন কমিশনকেও চ্যালেঞ্জ জানানোর প্রক্রিয়া শুরু করে দিয়েছেন তিনি। যেভাবে প্রকাশ্য সভা থেকে নির্বাচন কমিশনকে বেলাগাম আক্রমণ করলেন রাজ্যের মুখ্যমন্ত্রী, তা অত্যন্ত দুর্ভাগ্যজনক। আসলে মুখ্যমন্ত্রী বুঝতে পেরেছেন যে, ভোটার তালিকায় সংশোধনী প্রক্রিয়া শুরু হলে তার দল আর পশ্চিমবঙ্গে ক্ষমতায় থাকবে না। সেই কারণেই এখন থেকেই গাত্রদাহ শুরু হয়েছে তৃণমূল নেত্রীর। যার ফলে তিনি নির্বাচন কমিশনকে বেলাগাম আক্রমণ করে নিজের সমস্ত সীমারেখা লংঘন করেছেন বলেই দাবি গেরুয়া শিবিরের।এই আশঙ্কাতেই এখন ভোটার তালিকা সংশোধনের বিরোধিতা করতে শুরু করেছে তৃণমূল কংগ্রেস। তাদের বক্তব্য, বিজেপি নির্বাচন কমিশনকে কাজে লাগিয়ে অনেকের নাম বাদ দেওয়ার চেষ্টা করছে। যদিও বা মমতা বন্দ্যোপাধ্যায়ের এই অভিযোগকে গুরুত্ব না দিয়ে ইতিমধ্যেই নির্বাচন কমিশনের পক্ষ থেকে বারুইপুর পূর্ব এবং ময়নার চারজন আধিকারিকের বিরুদ্ধে নেওয়া হয়েছে কড়া পদক্ষেপ। মুখ্যসচিবের কাছে চিঠি দিয়ে জাতীয় নির্বাচন কমিশন তাদের বিরুদ্ধে এফআইআর করার নির্দেশ দিয়েছে। আর এতেই ক্ষুব্ধ হয়ে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় প্রকাশ্য সভা থেকে নির্বাচন কমিশনের উদ্দেশ্যে যে মন্তব্য করলেন, তাতে মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে কবে ব্যবস্থা হবে, তা নিয়ে পাল্টা সোচ্চার হচ্ছে বিজেপি।

বস্তুত, এদিন নির্বাচন কমিশনের বিরুদ্ধে বেলাগাম আক্রমণ করে বসেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। প্রকাশ্য সভা থেকে নির্বাচন কমিশনকে বিজেপির বন্ডেড লেবার বলে আক্রমণ করেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, "দুই মাসের জন্য আপনারা ইলেকশনে আসেন, আবার চলে যান। বসন্তের কোকিলের মত। এবার নির্বাচনের অনেক দেরি আছে। এখন থেকেই সাসপেন্ড করতে শুরু করেছেন। হরিদাস সব, ক্রীতদাস সব। বিজেপির বন্ডেড লেবার। লজ্জা করে না? তুমি তোমার ক্ষমতা জানো না! অমিত শাহের দালালি করছ চেয়ারে বসে?" আর একজন মুখ্যমন্ত্রী, যিনি মানুষের ভোটে নির্বাচিত, সেই মুখ্যমন্ত্রী প্রকাশ্যে একেবারে নির্বাচন কমিশন সম্পর্কে এই ধরনের আক্রমণ করবেন, এটা সত্যিই সংবিধান নিয়ে আলোচনা করা রাজনৈতিক বিশেষজ্ঞদের কেউই মেনে নিতে পারছেন না। তারা সকলেই বলছেন যে, এবার অন্তত মমতা বন্দ্যোপাধ্যায়ের এই ধরনের মন্তব্যের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণ করা উচিত।

## জঙ্গলের দেবী মা মনসা



মৃত্যুঞ্জয় সরদার
(দ্বাদশতম পর্ব)



কল্যাণকর , হিতকর, ভগবানের কথা-।মুনি ঋষি থেকে মানুষ যখন নিরাশাই হয়ে পড়ে তখন তার আরধ্য রূপে দেবতার প্রচলন ঘটে।তাই আদিমকাল হইতে আদিবাসীরা তাদের সারনা ধর্মের আমরা বিভক্ত করেছি, সারনা শব্দের অর্থ হচ্ছে প্রকৃতি। সেই কারণে আজও প্রকৃতির রূপে দিয়ে মাতৃবন্দনায় বন্দিত হয়েছে এইসব জন জাতিরা।জঙ্গলের জিয়ারত দেবী সর্ব দেবতাঃ দেবী মা মনসার জন্ম কাহিনী আমরা যতটুকু জানি। শিবের কন্যারূপে মনসার

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(২ পাতার পর)

## কোচবিহারে হামলার পর শুভেন্দুর কনভয়ের নিরাপত্তার দায়িত্বে বিএসএফ

গাড়ির সংখ্যা বাড়ানো হয়েছে। বিমানবন্দরে নেমে শুভেন্দু অধিকারী সাংবাদিকদের মুখোমুখি হয়ে বলেন, তার ওপর পরিকল্পিতভাবে আক্রমণ করেছে বাংলাদেশি রোহিঙ্গা ও জেহাদিরা। কোচবিহারে হামলার ঘটনার পর কি ঘটেছিল তা জানতে কেন্দ্রের স্বরাষ্ট্রমন্ত্রক রাজ্যের স্বরাষ্ট্র দফতরের সঙ্গে ফোনে কথা বলেন বলে জানা গিয়েছে। সেখানে কি ঘটেছিল কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক তা জানতে চেয়েছে বিস্তারিতভাবে। প্রসঙ্গত উল্লেখ করা যেতে পারে মঙ্গলবার দুপুরে কোচবিহারে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর গাড়ি ভাঙচুরের অভিযোগ ওঠে তৃণমূলের বিরুদ্ধে। সেই সঙ্গে শুভেন্দুর কনভয়ে থাকা পুলিশের গাড়িও ভাঙচুর করা হয়েছে। কোচবিহারের খাগড়াবাড়ি এলাকায় এই ঘটনাকে কেন্দ্র করে তুমুল উত্তেজনা ছড়ায়।পুলিশ সুপারের সঙ্গে দেখা করতে মঙ্গলবার কোচবিহারে আসেন শুভেন্দু অধিকারী। তাঁকে ঘিরে বিক্ষোভ দেখাতে আগে থেকেই কালো পতাকা নিয়ে খাগড়াবাড়িতে জমা হয়েছিলেন তৃণমূলের নেতা-কর্মীরা।

### বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

কালী কাল্ট তৈরি হওয়ার সময় নীলা, ছিন্নমস্তা ও প্রত্যঙ্গিরা বিশেষ ভূমিকা পালন করেন, যাঁদের মধ্যে নীলা ও ছিন্নমস্তা বৌদ্ধ তন্ত্রে যথাক্রমে তারা ও বজ্রযোগিনী নামে পরিচিত ছিলেন, এবং প্রত্যঙ্গিরা-সহ এঁরা সবাই অক্ষোভ্য-র সঙ্গে সংযুক্ত

ক্রমশঃ


### • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# নারী ক্ষমতায়ন ও তাঁদের বৈজ্ঞানিক অবদানকে স্বীকৃতি দান

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

জুলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়া (জেডএসআই) কলকাতায় নারী দিবস উপলক্ষে 'এক্সট্রাঅরডি-নারী: উইংস অব উইজডম' শিরোনামের এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করে। এই অনুষ্ঠান বিজ্ঞানে ও শিক্ষাক্ষেত্রে নারীদের গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি। নারী-সমতা, অন্তর্ভুক্তি এবং বৈজ্ঞানিক উৎকর্ষ প্রসারে জেডএসআই-এর অঙ্গীকারের প্রতিফলন এই অনুষ্ঠান।

অনুষ্ঠানের মূল আকর্ষণ প্রথম 'উইজ অ্যাওয়ার্ড ২০২৫' (উইমেন ইন জুলজি) প্রদান। চারজন মেধাবী ছাত্রী — শ্রীমতী প্রীতি দেবনাথ, শ্রীমতী সোনালি গাজি, শ্রীমতী সায়নী রায় এবং শ্রীমতী লাভলি মুখার্জি-র হাতে এই মানপত্র তুলে দেওয়া হয়। এই সম্মান তাঁদের প্রাণীবিজ্ঞানে কৃতিত্ব ও ভবিষ্যতের সম্ভাবনার স্বীকৃতিস্বরূপ।

জেডএসআই-এর অতিরিক্ত পরিচালক ড. রঘুনাথন স্বাগত ভাষণে নারীর ঐতিহাসিক মর্যাদা ব্যাখ্যা করেন। তিনি ঋষিকা ও প্রাচীন ভারতীয় মূল্যবোধের উল্লেখ করে বলেন, রাবণ ও কৌরবদের পতনের মূল কারণ ছিল নারীদের প্রতি অসম্মান। সেইসঙ্গে, তিনি শিক্ষাক্ষেত্রে সাবিত্রীবাই ফুলে ও কাদম্বিনী গাঙ্গুলির পথপ্রদর্শক ভূমিকার কথাও স্মরণ করান।

ড. গীতাঞ্জলি দাশ, উপাচার্য, বেরহামপুর বিশ্ববিদ্যালয়, বলেন, — "ইতিহাস নারীদের অবদানের প্রতি পক্ষপাতদুষ্ট," এবং কমলা সোহোনির মতো অজ্ঞাত নারীবিজ্ঞানীদের যথোচিত স্বীকৃতি দেওয়ার আহ্বান জানান।

সিএসআইআরের মহাপরিচালক ড. এন. কালাইসেলভি বলেন, "বাড়ির রান্নাঘর বৈজ্ঞানিক ও প্রশাসনিক সৃজনশীলতার উৎস," এবং তিনি ঘরোয়া পরিসরে নারীদের উদ্ভাবনী শক্তিকে স্বীকৃতি দেওয়ার প্রয়োজনীয়তা তুলে ধরেন। তিনি কন্যা শিশুদের সৃজনশীলতাকে লালন করার আহ্বান জানান এবং সেই পুরুষদের শ্রদ্ধা জানান, যাঁরা নারীর ক্ষমতায়নে সক্রিয় ভূমিকা নেন। পরিসংখ্যানে দেখা যায়, ভারতে বর্তমানে মাত্র ৫৫ জন মহিলা উপাচার্য রয়েছেন — যা নেতৃত্বে লিঙ্গসমতার পথে আরও অগ্রগতির প্রয়োজনীয়তা ইঙ্গিত করে।

সকল বক্তা ড. ধৃতি ব্যানার্জি-কে জেডএসআই-এর প্রথম মহিলা পরিচালক হিসেবে অভিনন্দন জানান এবং প্রতিষ্ঠানে তাঁর অসামান্য অবদানের প্রশংসা করেন।

'অর্ডিনারি টু এক্সট্রাঅর্ডিনারী: দ্য জার্নি' শীর্ষক একটি আলোচনা অনুষ্ঠিত হয়। পরিচালনা করেন অধ্যাপক আয়াজ এ. শফি। আলোচনায় অংশ নেন ড. নন্দিনী চ্যাটার্জি (আইএএস), ড. রুচি বাদোলা, ড. অর্চনা সিনহা, বন্যা রায় ও অজন্তা দে। তাঁরা তাঁদের অভিজ্ঞতা ও সংগ্রামের কথা তুলে ধরেন মঞ্চে।

অনুষ্ঠানে সম্মান জানানো হয় অবসরপ্রাপ্ত জেডএসআই বিজ্ঞানী শ্রীমতী রিনা চক্রবর্তী, শিক্ষাবিদ গার্গী ব্যানার্জি, এবং যোগব্যায়াম প্রশিক্ষক শ্রীমতী সৌমী মিত্র-কে। দুটি নতুন প্রকাশনা, 'ক্রিচার ক্রনিকলস – ওয়াইল্ড হার্টস, ওয়াইজ মাইন্ডস' এবং 'জেডএসআই ডিরেক্টরি – ২০২৫', এই অনুষ্ঠানে উন্মোচিত হয়।

অনুষ্ঠান সমাপ্ত হয় সাংস্কৃতিক পরিবেশনা, ড. আনজুম এন. রিজভির (যুগ্ম পরিচালক, জেডএসআই) ধন্যবাদজ্ঞাপন এবং জাতীয় সংগীতের মাধ্যমে।

# পাটশিল্পে দক্ষ শ্রমিকের ঘাটতি

**নয়াদিল্লি, ৫ আগস্ট, ২০২৫**

পাটশিল্পে দক্ষ শ্রমিকের সংখ্যা বাড়াতে জাতীয় পাট পর্ষদের মাধ্যমে ভারত সরকার জুট রিসোর্স-কাম-প্রোডাকশন সেন্টার গড়ে তোলার উদ্যোগ নিয়েছে। এই উদ্যোগের আওতায় পাট পর্ষদ মনোনীত সংস্থাগুলির সঙ্গে সমন্বয় রেখে বিভিন্ন স্তরে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে।

কাঁচা পাটের উৎপাদন বৃদ্ধির পাশাপাশি, পাটের গুণগত মান উন্নত করার ওপরও জোর দিচ্ছে সরকার। এক্ষেত্রে অনিয়মিত বৃষ্টি, বাজারের ওঠা-নামা সহ অন্যান্য বিষয়ের কথা মাথায় রেখে ভারত সরকার জুট-ICARE (ইনপুট কাল্টিভেশন অ্যান্ড অ্যাডভান্সড রেটিং এক্সারসাইজ) কর্মসূচি চালু করেছে। এই উদ্যোগের মাধ্যমে ধারাবাহিক এবং বিজ্ঞানসম্মত উপায়ে উচ্চমানের বীজ সহ আধুনিক কৃষি প্রযুক্তির প্রয়োগ ঘটানো সম্ভব হবে। শুরু থেকেই এই কর্মসূচিতে উল্লেখযোগ্য সাফল্য মিলেছে। ২০২০-২১-এ সাতটি রাজ্যের ১৩০ ব্লকে এই কর্মসূচি চালু করা হয়েছিল। ২০২৪-২৫-এ তা ১০টি রাজ্যের ২৮৯টি ব্লকে ছড়িয়ে দেওয়া হয়েছে। এতে পাটচাষের সামগ্রিক খরচ ৮.৬৫ শতাংশ কমানো সম্ভব হয়েছে। সেইসঙ্গে, কৃষকদের সামগ্রিক আয় ১৫ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

বর্তমানে দেশে ১১৯টি পাটকল রয়েছে। এর মধ্যে ছ'টি ভারত সরকারের। ২০২১-২২ থেকে ২০২৪-২৫ পর্যন্ত ১২টি রাজ্যে ১০০টি প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়। এতে ২,২৪২ জন পাট শ্রমিক এবং মহিলা স্বনির্ভর গোষ্ঠীর সদস্যরা উপকৃত হয়েছেন।

লোকসভায় আজ এক প্রশ্নের লিখিত জবাবে এই তথ্য দিয়েছেন বস্ত্র প্রতিমন্ত্রী শ্রী পবিত্র মারঘেরিটা।



## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফামেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি | 10 জীবন জ্যোতি ফামেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফামেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফামেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফামেসী | 17 ইউনিক ফামেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফামেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফামেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফামেসী | 28 সৌভিক ফামেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফামেসী |



# বাংলাদেশে২০২৬ সালের ফেব্রুয়ারিতে রমজানের আগে নির্বাচন :প্রধান উপদেষ্টা

**শ্যানক সান্যাল : ৬ আগষ্ট২০২৫**

জাতির উদ্দেশে ভাষণ দেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড.মুহাম্মদ ইউনূস। গণ-অভ্যুত্থান দিবস' উপলক্ষে জাতির উদ্দেশে দেওয়া ভাষণে প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস২০২৬ সালের ফেব্রুয়ারি মাসে রমজানের আগে জাতীয় নির্বাচন অনুষ্ঠানের কথা জানিয়েছেন।

আজ মঙ্গলবার রাতে জাতির উদ্দেশে ভাষণে প্রধান উপদেষ্টা বলেন, "অন্তর্বর্তী সরকারের পক্ষ থেকে আমি প্রধান নির্বাচন কমিশনারের কাছে চিঠি পাঠাব,যেন নির্বাচন কমিশন আগামী রমজানের আগে ২০২৬ সালের ফেব্রুয়ারি মাসে জাতীয় নির্বাচন আয়োজন করেন"।

প্রধান উপদেষ্টা বলেন,এবার আমাদের সর্বশেষ দায়িত্ব পালনের পালা। নির্বাচন অনুষ্ঠান।আজএই মহান দিবসে আপনাদের সামনে এবক্তব্য রাখার পর থেকেই আমরা আমাদের সর্বশেষ এবং সবচাইতে গুরুত্বপূর্ণ অধ্যায়ে প্রবেশ করব। আমরা এবার একটি নির্বাচিত সরকারের কাছে দায়িত্ব হস্তান্তরের প্রক্রিয়া শুরু করব।

সুন্দরভাবে নির্বাচন অনুষ্ঠানের প্রতিশ্রুতি ব্যক্ত করে তিনি বলেন," আপনারা সকলেই দোয়া করবেন যেন সুন্দরভাবে নির্বাচন অনুষ্ঠান করেএ দেশের সকল নাগরিক একটি 'নতুন বাংলাদেশ' গড়ার কাজে সফলভাবে এগিয়ে যেতে পারে।আমরা সরকারের পক্ষ থেকে এই নির্বাচন যাতে সুষ্ঠু, শান্তিপূর্ণ এবং উৎসবমুখরভাবে সম্পন্ন করা যায় সেজন্য সকল প্রকার সাহায্য-সহযোগিতা প্রদান করবো"।



তিনি বলেন, এবারের নির্বাচন যেন আনন্দ-উৎসবের দিক থেকে, শান্তি-শৃঙ্খলার দিক থেকে, ভোটার উপস্থিতির দিক থেকে,সৌহার্দ্যও আন্তরিকতার দিক থেকে দেশের ইতিহাসে স্মরণীয় হয়ে থাকে সেজন্য সকল আয়োজন সম্পন্ন করতে আগামীকাল থেকে আমরা সকলেই মানসিক প্রস্তুতিও প্রাতিষ্ঠানিক আয়োজন শুরু করব।

প্রবাসী ভোটারদের ভোটাধিকার নিশ্চিত করার কথা জানিয়ে অধ্যাপক ইউনূস তাঁর ভাষণে বলেন,নির্বাচনে ভোটারদের সম্পর্কে দু-একটা কথা বলতে চাই।এবার আমরা প্রবাসী ভোটারদের ভোট দেয়ার আয়োজন নিশ্চিত করতে চাই"।

তিনি বলেন, অর্থনৈতিক দিক থেকে সম্পূর্ণ বিধ্বস্ত বাংলাদেশ যে আবার দ্রুত ঘুরে দাঁড়াতে পেরেছে তার বড় কারণ হলো আমাদের রেমিট্যান্স যোদ্ধাদের ঐতিহাসিক অবদান।নির্বাচনে তাদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য নির্বাচন কমিশন প্রস্তুতি নিচ্ছে।

নারী ভোটাররা যেন দেশের সর্বত্র নির্দ্বিধায় আনন্দ-উৎসাহ সহকারে ভোট দিতে পারে এটা নিশ্চিত করতে চাই। এবার যেন কেন্দ্রে কেন্দ্রে নারী ভোটারদের ঢল নামে আমরা সেই লক্ষ্যে সমস্ত ব্যবস্থা গ্রহণ করবো বলে তিনি উল্লেখ করেন।

দেশের মানুষের ভোটাধিকার কেড়ে নেবার কারণে গত ১৫ বছর ধরে নাগরিকবৃন্দ ভোট দিতে পারেনি উল্লেখ করে প্রধান উপদেষ্টা বলেন,এবারের নির্বাচনে আমরা আমাদের বকেয়া আনন্দসহ মহা আনন্দে ভোট দিতে চাই।এবারের নির্বাচনে জীবনে প্রথমবার ভোট দিতে যাবে এরকম ভোটাররা নানা উৎসবের মধ্য দিয়ে ভোটকেন্দ্রে যাবে, তাদের এই দিনটি স্মরণীয় করে রাখার জন্য।এর মধ্যে নতুন নারী ভোটার থাকবে, নতুন পুরুষ ভোটার থাকবে।এর মধ্যে এমন ভোটার থাকবে যারা১৫ বছর আগে থেকেই ভোট দিতে পারতো। কিন্তু জীবনে একবারও ভোট দিতে পারেনি। এর মধ্যে আসবে যারা ১০বছর আগে,৫ বছর আগে ভোট দিতে পারত কিন্তু পারেনি। আর আসবে ভাগ্যবান ও ভাগ্যবতীর দল যারা এই প্রথমবার ভোটার হওয়ার যোগ্যতা লাভ করলো এবং সঙ্গে সঙ্গে ভোট দেয়ার সুযোগও পেয়ে গেল।

নির্বাচনের দিনকে আমরা ঈদের উৎসবের মতো করতে চাই উল্লেখ করে সরকার ভোটের আনন্দ থাকবে সবার মধ্যে। আপনারা সবাই বাচ্চাকাচ্চাদের নিয়ে ভোটকেন্দ্রে যাবেন। নাগরিক অধিকার প্রয়োগের মহা আনন্দ পরবর্তী বংশধরদের কাছে তুলে ধরার জন্য। এখন থেকে প্রতিদিন আলাপ করুন,আপনার এলাকায় ভোটদান ব্যবস্থা কেমন হলে সুন্দর হয়,কেমন হলে আনন্দমুখর হয়,সেটা আগে থেকে ঠিক করার জন্য।নতুন বাংলাদেশ গড়ার কাজের ভিত্তি রচনা হবে এবারের নির্বাচনে। তার জন্য প্রস্তুতি নিন।

(৩ পাতার পর)

## প্রধানমন্ত্রী জাতির উদ্দেশে কর্তব্য ভবন উৎসর্গ করেছেন

"কর্তব্য পথের উপর নির্মিত কর্তব্য ভবন জনসেবার প্রতি অবিচল সংকল্প এবং নিরন্তর প্রয়াসের প্রতীক। এই ভবন বিভিন্ন নীতি ও প্রকল্পের দ্রুত বাস্তবায়নের জন্য সহায়ক হবে, পাশাপাশি দেশের উন্নতিতে নতুন গতি আসবে। অত্যাধুনিক পরিকাঠামোর সুবিধা এই ভবনে রয়েছে। দেশের উদ্দেশে এটিকে উৎসর্গ করায় আমি গৌরবান্বিত।"

"উন্নত ও আত্মনির্ভর ভারত গড়ে তোলার যে অঙ্গীকার আমরা করেছি, কর্তব্য ভবন তার প্রতিফলন। আমাদের শ্রমযোগীদের কঠোর পরিশ্রম ও একনিষ্ঠ মানসিকতা আজ দেশ প্রত্যক্ষ করলো। তাঁদের সঙ্গে মতবিনিময় করার সুযোগ আমার হয়েছে, এর জন্য আমি আনন্দিত।"

"পরিবেশকে রক্ষা করার বিষয়টি বিবেচনা করে কর্তব্য ভবন নির্মিত হয়েছে। আমাদের দেশ পরিবেশ রক্ষার জন্য অঙ্গীকারবদ্ধ। আজ এই প্রাঙ্গণে একটি চারা গাছ রোপণের সুযোগও আমার হয়েছে।"

# সিনেমার খবর

## ‘অ্যানিম্যাল ২’ নিয়ে যা জানালেন ববি দেওল

স্টাফ রিপোর্টার, রোজদিন



রণবীর কাপুর ও ববি দেওল অভিনীত ২০২৩ সালের আলোচিত বলিউড সিনেমা ‘অ্যানিম্যাল’ মুক্তির পর বক্স অফিসে ব্যাপক সাড়া ফেলেছিল। প্রায় ৫০০ কোটির ব্যবসা করা এই ছবিতে মাত্র ১০ মিনিট উপস্থিত থাকলেও ববি দেওল তাঁর অভিনীত ‘আবরার’ চরিত্রে দর্শকমনে গভীর ছাপ ফেলেন।

তবে এবার সিনেমাপ্রেমীদের আগ্রহের কেন্দ্রবিন্দুতে রয়েছে ‘অ্যানিম্যাল’-এর সিক্যুয়েল। ঠিক কবে আসবে ‘অ্যানিম্যাল ২’, সেই প্রশ্ন ঘুরপাক খাচ্ছে ভক্তদের মনে। সম্প্রতি এই বিষয়ে মুখ খুলেছেন ববি দেওল নিজেই।

গত শুক্রবার সন্ধ্যায় ছেলেকে সঙ্গে নিয়ে মুম্বাইয়ের একটি সিনেমা হলে যান ববি দেওল। সেখানে পাপারাজ্জিদের সামনে পোজ দেওয়ার সময় এক সাংবাদিক সিক্যুয়েল নিয়ে প্রশ্ন করলে তিনি সংক্ষেপে উত্তর দেন, ‘আমি জানি না।’


তবে বিষয়টি নিয়ে ভক্তদের কৌতূহল আরও বেড়েছে। ববির বক্তব্যে সত্যিই কি তিনি কিছু জানেন না? নাকি এখনই জানাতে নারাজ?

এর আগে প্রযোজক ভূষণ কুমার এক সাক্ষাৎকারে জানিয়েছিলেন, পরিচালক সন্দীপ রেড্ডি ভাঙ্গা বর্তমানে ‘স্পিরিট’ নামের একটি ছবি নিয়ে ব্যস্ত। সেখানে প্রভাস প্রধান চরিত্রে থাকবেন। এই ছবির কাজ শেষ হওয়ার পর শুরু হবে ‘অ্যানিম্যাল পার্ক’-এর শুটিং। ফলে দর্শকদের ‘অ্যানিম্যাল ২’ দেখার জন্য এখনও কিছুটা সময় অপেক্ষা করতে হবে।

প্রসঙ্গত, রণবীর কাপুর ও রাশমিকা মান্দানা অভিনীত প্রথম কিস্তির সিনেমাটি শুধু ভারতে নয়, আন্তর্জাতিকভাবেও দারুণ সাড়া ফেলে। প্রশংসিত হয় দর্শক, সমালোচক এবং সহ-অভিনেতাদের কাছেও। ববি দেওলের চরিত্রটি ছিলেন বাকপ্রতিবন্ধী এবং শ্রবণক্ষমতাহীন একজন ভয়ংকর খলনায়ক। এই চরিত্রে অভিনয়ের জন্য তিনি সাইন ল্যাঙ্গুয়েজ শিখেছিলেন।

## নিজের ভ্রু নিজেই উপড়ে ফেলেছিলেন অনীত, জানালেন কারণ

স্টাফ রিপোর্টার, রোজদিন



বলিউডে চলছে ‘সাইয়ারা’ ঝড়। আহান পান্ডে ও অনীত পাড্ডা অভিনীত এ চলচ্চিত্রটি শুধু মন জয়ই করেনি, রীতিমতো আবেগের ঢেউ তুলেছে সিনেমা হলে। একাধিক ভিডিওতে দেখা যাচ্ছে, দর্শকরা কেঁদে ভাসাচ্ছেন হল, কেউ কেউ আবার জ্ঞানও হয়ে পড়ছেন সিনেমা চলাকালীন।

প্রেম, সংগীত আর তারুণ্যের আবেগ মিশিয়ে নির্মিত সিনেমাটি ইতোমধ্যেই দক্ষিণ এশিয়ায় আলোচনার কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছে। এবার নতুন করে আলোচনায় এলেন ছবির নায়িকা অনীত পাড্ডা।

কাজল কালো চোখ, গোলাপি গাল, থাক থাক চুল, ঘন ভ্রু। তেমনই ঘন আঁখিপল্লবে বহু পুরুষের হৃদয়ে ঝড় তোলা অনীত এক সাক্ষাতকারে জানান, নিজের ভ্রু নাকি নিজেই উপড়ে ফেলেছিলেন তিনি।

এই প্রজন্মের অনেক তরুণ-তরুণী এখন ভ্রু ও আঁখিপল্লব কামিয়ে ফেলাকে স্টাইল হিসেবে নিচ্ছেন। কিন্তু নায়িকা অনীত পাড্ডা সেই কাজটি করেছেন আরও এক দশক আগেই। কী ছিল তার পেছনের কারণ?

বিষয়টি নিয়ে অভিনেত্রী বলেন, “আমার মনে আছে, আমাদের স্কুলের বার্ষিক অনুষ্ঠান চলছিল। এবং কোনও এক অদ্ভুত কারণে বাড়ি ফিরে এসে আমি আমার মুখের সমস্ত মেকআপ মুছতে শুরু করি। তখন আমি আমার উভয় ভ্রু কামিয়ে ফেলার এবং আটটি চোখের পাতা উপড়ে ফেলার সিদ্ধান্ত নিয়েছিলাম। তারপর আমার মা বাড়িতে এসে বলেন, এ বার তুমি স্কুলে যাবে কী ভাবে? চিন্তায় পড়ে যাই। কিন্তু এবং আমি মনে করি, আমি হয়তো জানতাম এটাই নতুন যুগের ধারা। এবং দশ বছর পরে, লোকেরা এখন আসলেই তাদের ভ্রু কামিয়ে ফেলছে, তাই হয়তো আমি সেই সময়ে কিছু একটা করতে চেয়েছিলাম।”

যশরাজ ফিল্মস প্রযোজিত সিনেমাটি ভারতে মুক্তি পেয়েছে ১৮ জুলাই। বলিউডে আত্মপ্রকাশ করার আগে ‘বিগ গার্ল ডোন্ট ক্রাই’ একটি সিরিজে কাজ করেন এই অভিনেত্রী।

## অশ্লীল কনটেন্টে নিষেধাজ্ঞা
## বহু আগেই এই উদ্যোগ নেওয়া উচিত ছিল: কঙ্গনা



স্টাফ রিপোর্টার, রোজদিন

অশ্লীল ও কুরুচিকর কনটেন্ট ছড়ানোর অভিযোগে সম্প্রতি ২৪টি ওটিটি প্ল্যাটফর্ম ও অ্যাপ নিষিদ্ধ করেছে ভারতের কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। দর্শকদের মনে নেতিবাচক প্রভাব ফেলছে— এমন অভিযোগের পরিপ্রেক্ষিতেই নেওয়া হয়েছে এই সিদ্ধান্ত।

শুক্রবার ভারতে ওটিটি (ওভার-দ্য-টপ) প্ল্যাটফর্মে সরকারের নিষেধাজ্ঞার পদক্ষেপকে সাধুবাদ জানিয়েছেন বলিউড অভিনেত্রী কঙ্গনা রানাওয়াত। তিনি এই সিদ্ধান্তকে সময়োপযোগী ও গুরুত্বপূর্ণ বলে উল্লেখ করেছেন।

কঙ্গনা বলেন, সমাজ যেন একেবারে অবক্ষয়ের দিকে না ধাবিত হয়, সেটি নিশ্চিত করা গুরুত্বপূর্ণ। এই নিষেধাজ্ঞা আমাদের সংস্কৃতি ও তরুণদের মানসিকতা যেন নষ্ট না হয়, তা নিশ্চিত করার জন্য জারি করা হয়েছে।

তিনি বলেন, আমাদের দেশের সংস্কৃতি, সামাজিক মূল্যবোধ এবং ভবিষ্যৎ প্রজন্মকে রক্ষায় এই ধরনের উদ্যোগ বহু আগেই নেওয়া উচিত ছিল। আমি সরকারের এই সিদ্ধান্তকে পূর্ণ সমর্থন জানাই। আমাদের সমাজ যেন সম্পূর্ণ ধ্বংসের পথে না যায়, সেটি দেখা জরুরি। অবৈধ কনটেন্ট ছড়ানো এসব প্ল্যাটফর্মের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা সত্যিই প্রশংসনীয়।

উল্লেখ্য, কিছু ভারতীয় ওটিটি অ্যাপে দীর্ঘদিন ধরেই ‘সফট পর্ন’ জাতীয় কনটেন্ট ও অশালীন বিজ্ঞাপন প্রকাশিত হচ্ছিল। বিষয়টি নিয়ে একাধিকবার সমালোচনার মুখেও পড়তে হয়েছিল সংশ্লিষ্ট অ্যাপগুলোকে। এবার সরকারের সরাসরি হস্তক্ষেপে বন্ধ হয়ে গেল সেইসব প্ল্যাটফর্ম।

# নিজের কথা না ভেবে দলকে সাহায্য করতে চেয়েছি: পন্ত

**স্টাফ রিপোর্টার, রোজদিন**




ইংল্যান্ডের বিরুদ্ধে অ্যান্ডারসন-টেন্ডুলকার ট্রফির শেষ টেস্টে খেলবেন না ঋষভ পন্ত। চোটের কারণে দল থেকেও ছিটকে গেছেন এই লড়াকু উইকেটকিপার-ব্যাটসম্যান। তবে দলের বাইরে যাওয়ার আগে দেশের প্রতি দায়বদ্ধতা ও আবেগে ভরা বার্তা দিয়ে গেলেন পন্ত।

ওল্ড ট্র্যাফোর্ড টেস্টে ব্যাট করতে নেমেছিলেন গুরুতর চোট নিয়েও। ম্যাচের প্রথম দিনেই পায়ে আঘাত পান তিনি। চিকিৎসকের ছয় সপ্তাহ বিশ্রামের পরামর্শকে উপেক্ষা করে ব্যথা নিয়ে খুঁড়িয়ে খুঁড়িয়ে ব্যাট করতে নামেন। পান্তের এই অদম্য মানসিকতা মুগ্ধ করেছে ক্রিকেটবিশ্বকে। গ্যালারির দর্শক থেকে শুরু করে সতীর্থরাও প্রশংসায় ভাসিয়েছেন তাকে। দ্বিতীয় ইনিংসে ব্যাট হাতে না নামলেও, ক্রাচে ভর করে মাঠে উপস্থিত ছিলেন দলের পাশে থাকতে।

তবে এই চোটের জন্যই ওভালে শেষ টেস্টে মাঠে নামতে পারছেন না তিনি। দলের সঙ্গেও থাকবেন না। তাই বিদায়ের আগে আবেগঘন এক বার্তা দিলেন পন্ত। ভারতীয় ক্রিকেট বোর্ড (BCCI) প্রকাশিত একটি ভিডিও বার্তায় তিনি বলেন,'আমি শুধু চেষ্টা করে গিয়েছি। নিজের কথা না ভেবে দেশ বা দলকে সাহায্য করতে চেয়েছি। কিন্তু এই পরিস্থিতিতেও যেভাবে গোটা দেশ আমাকে সমর্থন করেছে, সেই অনুভূতি বলে বোঝানো যায় না। আমি খুবই গর্বিত। শেষ টেস্টে দেশের কথা ভেবেই ম্যাচ জিততে হবে।'

দলের হেড কোচ গৌতম গম্ভীরও প্রশংসা করেন ঋষভের সাহসিকতার। ভিডিও বার্তায় গম্ভীর বলেন,'আমি সাধারণত কোনও একজন ক্রিকেটারের আলাদা করে প্রশংসা করি না, কিন্তু পান্ত যা করেছে, সেটা গোটা দলের মানসিকতা বদলে দিয়েছে। ও আমাদের লড়াই করার নতুন অনুপ্রেরণা দিয়েছে।'

চলতি সিরিজে এখন পর্যন্ত ৭ ইনিংসে ৪৭৯ রান করেছেন পন্ত, যার মধ্যে রয়েছে দুটি সেঞ্চুরি। দুর্দান্ত ফর্মে থাকা এই উইকেটকিপারের অনুপস্থিতি নিঃসন্দেহে ভারতের জন্য বড় ধাক্কা। তার পরিবর্তে টেস্ট স্কোয়াডে নেওয়া হয়েছে নারায়ণ জাগাদিসানকে। তবে শেষ টেস্টে উইকেটের পিছনে দেখা যেতে পারে ধ্রুব জুরেলকে।

সিরিজে বর্তমানে ২-১ ব্যবধানে এগিয়ে আছে ইংল্যান্ড। সিরিজ বাঁচাতে হলে ওভালের শেষ টেস্টে জয় চাই ভারতের।

## রদ্রিগোর জন্য ১২০ মিলিয়ন ইউরোর রেকর্ড প্রস্তাব!




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

গ্রীষ্মকালীন দলবদল বাজারে বড়সড় চমক নিয়ে আসতে চলেছে ইংলিশ ক্লাব লিভারপুল। স্প্যানিশ গণমাধ্যম ফিচাখেস জানিয়েছে, রিয়াল মাদ্রিদের ব্রাজিলিয়ান তরুণ তারকা রদ্রিগোর জন্য ১২০ মিলিয়ন ইউরোর বিশাল প্রস্তাব প্রস্তুত করছে ক্লাবটি।

২৪ বছর বয়সী রদ্রিগোকে সামনে রেখে নতুন করে দল গড়ার পরিকল্পনা করছে লিভারপুলের নতুন কোচিং স্টাফ। তার গতি, ড্রিবলিং দক্ষতা, গোল করার সক্ষমতা এবং বহুমুখী খেলোয়াড়ী চরিত্র আক্রমণভাগে নতুন মাত্রা যোগ করতে পারে এমনটাই বিশ্বাস ক্লাবটির।

রিয়াল মাদ্রিদের হয়ে নিয়মিত মাঠে নামলেও কিলিয়ান এমবাপ্পে ও এনদ্রিকের আগমন রদ্রিগোর অবস্থানকে কিছুটা অনিশ্চিত করে তুলেছে। সেই সুযোগটিই কাজে লাগাতে চাইছে লিভারপুল।

সূত্র বলছে, এই প্রস্তাব বাস্তবায়িত হলে রদ্রিগো হবেন লিভারপুলের ইতিহাসে অন্যতম দামি খেলোয়াড়। শুধু তাই নয়, এটি ইউরোপীয়ান ফুটবলের সাম্প্রতিক ইতিহাসেও আলোচিত দলবদল হিসেবে বিবেচিত হতে পারে।

রিয়াল মাদ্রিদ ইতোমধ্যে ইঙ্গিত দিয়েছে, উপযুক্ত প্রস্তাব এলে তারা রদ্রিগোর বিষয়ে ভাবতে পারে। যদিও ক্লাবটি তাকে গুরুত্বপূর্ণ সম্পদ হিসেবে বিবেচনা করে, তবে বিশাল অঙ্কের ট্রান্সফার ফি ভবিষ্যতের স্কোয়াড গঠনে সহায়তা করতে পারে বলেই ধারণা করা হচ্ছে।

রদ্রিগো এখনও এই গুঞ্জন নিয়ে কোনো আনুষ্ঠানিক মন্তব্য করেননি। তবে প্রিমিয়ার লিগের একাধিক ক্লাবের আগ্রহ এবং লিভারপুলের জোরালো পদক্ষেপ তাকে ঘিরে দলবদলের নাটককে আরও জোরদার করে তুলেছে।

## এশিয়া কাপের আগে হংকং দলের কোচ হলেন সিলভা

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



আসন্ন এশিয়া কাপের আগে বড় পরিবর্তন আনল হংকং ক্রিকেট দল। টি-টোয়েন্টি ফরম্যাটে সংযুক্ত আরব আমিরাতে অনুষ্ঠেয় এই টুর্নামেন্টকে সামনে রেখে নতুন হেড কোচ হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে শ্রীলঙ্কার সাবেক টেস্ট ব্যাটার কুশল সিলভাকে।

টুর্নামেন্টটি শুরু হবে আগামী ৮ সেপ্টেম্বর, চলবে ২৮ সেপ্টেম্বর পর্যন্ত। এশিয়া কাপের 'বি' গ্রুপে বাংলাদেশের সঙ্গী হয়েছে আফগানিস্তান, শ্রীলঙ্কা ও হংকং। উদ্বোধনী ম্যাচেই মাঠে নামবে হংকং, প্রতিপক্ষ আফগানিস্তান, ম্যাচটি অনুষ্ঠিত হবে ৯ সেপ্টেম্বর।

৩৯ বছর বয়সী কুশল সিলভা শ্রীলঙ্কার হয়ে ২০১১ থেকে ২০১৮ সাল পর্যন্ত খেলেছেন ৩৯টি টেস্ট। ক্যারিয়ারে উইকেটরক্ষক-ব্যাটার হিসেবে ২০৯টি প্রথম শ্রেণির ম্যাচে করেছেন ১৩,৯৩২ রান, যেখানে ছিল ৪১টি সেঞ্চুরি। এর মধ্যে তিনটি সেঞ্চুরি ছিল আন্তর্জাতিক টেস্টে।

খেলোয়াড়ি জীবন শেষ করে ২০১৯ সাল থেকে কোচিংয়ে জড়িয়ে পড়েন কুশল। শ্রীলঙ্কা, ইংল্যান্ড ও অস্ট্রেলিয়ায় বিভিন্ন পর্যায়ে কোচিং করালেও হংকং দলের হেড কোচ হিসেবে এটি তার প্রথম আন্তর্জাতিক দায়িত্ব।

দায়িত্ব পেয়ে কুশল বলেন,'আমার লক্ষ্য হবে দলের মধ্যে কঠোর পরিশ্রম এবং জয়ের মানসিকতা গড়ে তোলা। একইসঙ্গে তরুণ প্রতিভা খুঁজে বের করে তাদের আন্তর্জাতিক মানে গড়ে তোলার জন্য কাজ করবো।'

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রিট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR